**যাতায়াতের জন্য TLC ড্রাইভার লাইসেন্স আবেদন বিষয়ক নির্দেশিকা:**

- **মেডালিয়ন ট্যাক্সিক্যাব (হলুদ)**
- **SHL গাড়ি (সবুজ) এবং**
- **ভাড়ায় চালিত গাড়ি (FHV)**
- **প্যারাট্রানজিট**
- **যাতায়াতের ভ্যান**

ফি:

- ***সমস্ত ফি ফেরতযোগ্য নয়– ব্যতিক্রম কোনো কিছু নেই***
- **লাইসেন্স: তিন বছরের লাইসেন্সের জন্য $252.00**
- **ড্রাগ টেস্ট: $34.00**
- **ফিঙ্গারপ্রিন্ট/ছবি: $90.25**
- **24-ঘণ্টার ক্লাস: $245-$250**
- **TLC ড্রাইভার লাইসেন্স পরীক্ষা: প্রতি প্রচেষ্টায় $49**
- **WAV প্রশিক্ষণ: $50 - $125**
- **প্রতিরক্ষামূলক ড্রাইভিং কোর্স: $25-$75**

## আরো তথ্য জানতে ভিজিট করুন:

TLC ড্রাইভিং লাইসেন্স নিন

## আবেদন করতে ভিজিট করুন:

**www.nyc.gov/lars**

আপনাকে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। আপনি সরাসরি এসে আবেদন করতে পারবেন না।

নিউ ইয়র্ক সিটি ট্যাক্সি ও লিমুজিন কমিশন
ডিভিশন অব লাইসেন্সিং
31-00 47th Avenue, 3rd Floor
Long Island City, NY 11101

# TLC ড্রাইভার লাইসেন্স আবেদন বিষয়ক নির্দেশিকা

## হলুদ ট্যাক্সি সবুজ ট্যাক্সি ভাড়ায় চালিত গাড়ি প্যারাট্রানজিট যাতায়াতের ভ্যান

## শর্তাবলি ও ফি

NYC Taxi & Limousine Commission

## TLC ড্রাইভার লাইসেন্স বিষয়ক শর্তাবলি:

আপনার আবেদনের তারিখ থেকে 90 দিনের মধ্যে আপনাকে এই সমস্ত পদক্ষেপগুলো সম্পন্ন করতে হবে নতুবা আপনার আবেদন বাতিল করা হবে:

1. ন্যূনতম বয়স 19 বছর
2. বৈধ DMV **ব্যক্তিগত চালক** এর লাইসেন্সের প্রমাণ– নিউ ইয়র্ক স্টেটের জন্য, A, B, C বা E৷ অন্যান্য স্টেটের সাথে যাচাই করুন।
3. আপনার অবশ্যই একটি **বৈধ সামাজিক নিরাপত্তা নম্বর** থাকতে হবে
4. NYS DMV বা TLC-তে কোনো জরিমানা বা ফি দিতে হবে না
5. আবেদন করার আগে 3 বছরের মধ্যে ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স (DDC) সম্পন্ন করার প্রমাণপত্র।
6. হুইলচেয়ার অ্যাক্সেসযোগ্য প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে
7. 24-ঘণ্টার একটি কোর্স সম্পন্ন করে পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে
8. আপনার আবেদনের তারিখ থেকে 15-মাসের মধ্যে আপনার DMV লাইসেন্সে 5 পয়েন্টের বেশি থাকবে না
9. লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক দ্বারা TLC মেডিকেল ফরম পূরণ করতে হবে যা 90 দিনের বেশি নয়
10. ড্রাগ টেস্টে অংশ নিয়ে পাস করতে হবে
11. TLC ওয়েবসাইটে যৌন পাচার সচেতনতামূলক প্রশিক্ষণের ভিডিওটি দেখতে হবে
12. অবশ্যই ফিঙ্গারপ্রিন্ট দিতে হবে। ফৌজদারি অপরাধ যাচাইয়ের জন্য ফিঙ্গারপ্রিন্ট পর্যালোচনা করা হবে
13. আবেদনের 90 দিনের মধ্যে নিষ্পত্তি হবে না এমন কোনো ফৌজদারি অভিযোগ বিচারাধীন থাকা যাবে না
14. যদি DMV ড্রাইভার লাইসেন্স NY স্টেটের **না** হয় তাহলে 90 দিনের পুরনো না হওয়া স্টেটের বাইরের DMV ড্রাইভিং অ্যাবস্ট্রাক্ট থাকতে হবে
15. যদি NY স্টেটের DMV ড্রাইভার লাইসেন্স 1 বছরের কম হয় সেক্ষেত্রে সর্বশেষ স্টেটের বাইরের DMV ড্রাইভিং অ্যাবস্ট্রাক্ট প্রদান করতে হবে

*****আবেদন করবেন না যদি*****

**গত বছরে আপনি:**

1. 4টি বা তার বেশি ট্র্যাফিক দুর্ঘটনা ঘটান।
2. লাইসেন্সবিহীন মোটর গাড়ি চালানোর দায়ে দোষী সাব্যস্ত হন।
3. TLC লাইসেন্স ধারনের জন্য অযোগ্য মনে হয়েছে (আবেদন করার তারিখ থেকে এক বছর)৷
4. ড্রাগ টেস্টে ব্যর্থ হয়েছেন (ড্রাগ টেস্টে ব্যর্থ হওয়ার তারিখ থেকে এক বছর)

**গত 3 বছরে আপনার TLC লাইসেন্স:**

1. বাতিল করা হয়েছে (প্রত্যাহারের তারিখ থেকে 3 বছর)
2. বাতিলের অভিযোগ মুলতবি থাকা অবস্থায় জমা দেওয়া হয়েছে অথবা মেয়াদোত্তীর্ণ হয়েছে (আত্মসমর্পণ বা মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ থেকে 3 বছর)৷

**আপনার নামের মিল থাকতে হবে**
**সমস্ত নথিপত্র:** সমস্ত নথিপত্রে আপনার নামের প্রথম অংশ, মধ্য অংশ এবং শেষ অংশের মিল থাকতে হবে।

## TLC প্যারাট্রানজিট/কমিউটার ভ্যান ড্রাইভার লাইসেন্সের শর্তাবলি:

আপনার আবেদনের তারিখ থেকে 90 দিনের মধ্যে আপনাকে এই সমস্ত পদক্ষেপগুলো সম্পন্ন করতে হবে নতুবা আপনার আবেদন বাতিল করা হবে:

1. ন্যূনতম বয়স 18 বছর
2. বৈধ DMV **ব্যক্তিগত চালক** এর লাইসেন্সের প্রমাণ– নিউ ইয়র্ক স্টেটের জন্য, A, B, C৷ অন্যান্য স্টেটের সাথে যাচাই করুন
3. অবশ্যই কার্যকরী 19A সার্টিফাইড হতে হবে
4. আপনার অবশ্যই একটি **বৈধ সামাজিক নিরাপত্তা নম্বর** থাকতে হবে
5. NYS DMV বা TLC-তে কোনো জরিমানা বা ফি দিতে হবে না
6. আবেদন করার আগে 3 বছরের মধ্যে ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স (DDC) সম্পন্ন করার প্রমাণপত্র।
7. আপনার আবেদনের তারিখ থেকে 15-মাসের মধ্যে আপনার DMV লাইসেন্সে 5 পয়েন্টের বেশি থাকবে না
8. TLC ওয়েবসাইটে যৌন পাচার সচেতনতামূলক প্রশিক্ষণের ভিডিওটি দেখতে হবে
9. অবশ্যই ফিঙ্গারপ্রিন্ট দিতে হবে। ফৌজদারি অপরাধ যাচাইয়ের জন্য ফিঙ্গারপ্রিন্ট পর্যালোচনা করা হবে
10. আবেদনের 90 দিনের মধ্যে নিষ্পত্তি হবে না এমন কোনো ফৌজদারি অভিযোগ বিচারাধীন থাকা যাবে না
11. যদি DMV ড্রাইভার লাইসেন্স NY স্টেটের **না** হয় তাহলে 90 দিনের পুরনো না হওয়া স্টেটের বাইরের DMV ড্রাইভিং অ্যাবস্ট্রাক্ট থাকতে হবে
12. যদি NY স্টেটের DMV ড্রাইভার লাইসেন্স 1 বছরের কম হয় সেক্ষেত্রে সর্বশেষ স্টেটের বাইরের DMV ড্রাইভিং অ্যাবস্ট্রাক্ট প্রদান করতে হবে